

জরুরী
ফ্যাক্স মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
ত্রাণ কর্মসূচি-১ শাখা
www.modmr.gov.bd

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১০.১৫-৪৭৬

তারিখ: ১৪ সেপ্টেম্বর, ২০১৫
৩০ ভাদ্র, ১৪২২

বিষয়ঃ আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে সাবেক ছিটমহল এলাকার গরিব দুঃস্থ ও অসহায় পরিবারকে ভিজিএফ খাদ্য সহায়তা প্রদান।

সূত্রঃ জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর স্মারক নং-৫১.৪৭.৪৯০০.০০০.৪১.০০৬.১৫-৫৯২ তারিখঃ ০১-০৯-২০১৫ খ্রিঃ


উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে ভিজিএফ কর্মসূচির আওতায় কুড়িগ্রাম জেলার ফুলবাড়ী উপজেলার দাসিয়ার ছড়া (ছিটমহল) এলাকার ১০০০টি পরিবার এবং ভূরুশামারী উপজেলার সাবেক ১০টি ছিটমহল এলাকার ১৬৬টি পরিবার সর্বমোট ১১৬৬টি অতিদরিদ্র ও অসহায় দুঃস্থ পরিবারের জন্য ১০ কেজি হারে মোট (১১৬৬X১০)=১১.৬৬ (এগার দশমিক ছয় ছয়) মেঃ টন ভিজিএফ চাল জেলা প্রশাসক, কুড়িগ্রাম এর অনুকূলে বরাদ্দ প্রদানের জন্য তাঁর বরাবর ছাড় করা হলো।

২। মঞ্জুরীকৃত চালের ব্যয় চলতি ২০১৫-১৬ অর্থ বছরের ৪৯০৩-ত্রাণ ও পুনর্বাসন কার্যক্রম-০০০৭-ভিজিএফ কার্যক্রম-৫৯০০-সাহায্য মঞ্জুরী-৫৯৪৪-ভিজিএফ খাত হতে নির্বাহ করা হবে।

৩। জেলা প্রশাসক মঞ্জুরীকৃত চাল মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা, ২০১২-১৩ অনুসরণপূর্বক যথানিয়মে বিতরণ করবেন এবং বিতরণ শেষে নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করবেন।

৪। এ মঞ্জুরী অনুযায়ী জেলা প্রশাসক বরাবর পরিবহন ও আনুষঙ্গিক খরচসহ প্রয়োজনীয় বরাদ্দাদেশ অগ্রাধিকার ভিত্তিতে জারী করবেন এবং এতদবিষয়ে যাবতীয় হিসাব সংরক্ষণ করবেন।

৫। এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।



(মোহাম্মদ মনিরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)

ফোন-৯৫৪০১৭৯

e-mail: sasreliefprog1@modmr.gov.bd

মহাপরিচালক

দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

৯২-৯৩ মহাখালী, বা/এ, ঢাকা।

নং-৫১.০০.০০০০.৪২১.১৪.০১০.১৫-৪৭৬/১(৯)

তারিখ: ১৪-০৯-২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ১৬ আঃ গনি রোড, ঢাকা।

৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৪। জেলা প্রশাসক, কুড়িগ্রাম।

৫। উপসচিব (বাজেট), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সিস্টেমস এনালিস্ট (আইসিটি সেল), দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। তাকে এ আদেশটি দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এর ওয়েবসাইটে Upload ও প্রাপকের বরাবর ই-মেইলে প্রেরণের অনুরোধ করা হল।

৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এনডিআরসিসি, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়। উক্ত আদেশটি মহাপরিচালক, দুব্যঅ ও জেলা প্রশাসক বরাবর ই-মেইল ও ফ্যাক্স মারফত প্রেরণের অনুরোধসহ।

৯। অতিরিক্ত সচিব (ত্রাণ) এর ব্যক্তিগত কর্মকর্তা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।

(মোহাম্মদ মনিরুল ইসলাম)

সিনিয়র সহকারী সচিব (ত্রাক-১)